৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০২.২৪-১-২০২৪০৩১৮_১০২৭১৯

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০২.২৪   নথির বিষয়: Procurement of toner for printer under Store Division, Dhaka WASA

নোট: ১   নোটের বিষয়: Procurement of toner for printer under Store Division, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৬/৩/২৪ ৬:২৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডর বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগের প্রকৌশলীদের ও অফিস সেকশনের দাপ্তরিক কাজে ব্যবহারকৃত ৩টি প্রিন্টারের (Model: Pantum M6550 and Pantum P3010) জন্য ৬টি টোনার ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত ২টি মডেলের প্রিন্টারের টোনার কোন মজুদ নেই।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৬/৩/২৪ ৬:২৫ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে টোনার সংগ্রহ কাজের জন্য বর্তমান বাজার দরের (সংযুক্তি-৩) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ হয়েছে ২২,৫০০.০০ (বাইশ হাজার পাঁচ শত) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৬/৩/২৪ ৬:২৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের (সংযুক্তি: এপিপি কপি, ক্রমিক নং-৫০, প্যাকেজ-এফ) আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের কম্পিউটার মেইনটেনান্স খাত (কোড: ০১-০২-০২৩) হতে বহন করা হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়। কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৫):
১। এপিপি কপি.
২। কারেন্ট স্টক রিপোর্ট.
৩। বর্তমান বাজার দর.
৪। প্রাক্কলন.
৫। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/৩/২৪ ৬:২৬ অপরাহ্ন

এমতাবস্থায়, "Procurement of toner for printer under Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে:

ক) উপস্থাপিত সর্বমোট ২২,৫০০.০০ (বাইশ হাজার পাঁচ শত) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন ও

খ) বর্ণিত কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৬/৩/২৪ ৬:৩১ অপরাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	৬/৩/২৪ ৬:৪৫ অপরাহ্ন মোঃ ফটিক চাঁদ মিয়া সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	১০/৩/২৪ ১:১১ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১১/৩/২৪ ২:৫৫ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল
			~~১১/৩/২৪ ২:৫৫ অপরাহ্ন~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/৩/২৪ ১১:৩৪ অপরাহ্ন

Okay

১২/৩/২৪ ১১:৩৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৩/৩/২৪ ১২:২৭ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	১৩/৩/২৪ ৩:১২ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১৪/৩/২৪ ১১:১৭ পূর্বাহ্ন মোঃ ফটিক চাঁদ মিয়া সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ
			১৪/৩/২৪ ১১:১৭ পূর্বাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ